দৈনিক
আমাদের সময়

তারিখ 25 SEP 2016
পৃষ্ঠা ২ কলাম ২

# ২০ বছরের বকেয়া বেতনভাতা পেতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছেন শিক্ষক

নিজস্ব প্রতিবেদক ●
দীর্ঘ ২০ বছর ধরে নিজের বেতনভাতাদি না পেয়ে অবশেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ চেয়েছেন এক নারী শিক্ষক। গতকাল জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে সংবাদ সম্মেলন করে কুমিল্লার নাঙ্গলকোটের বেগম জামিলা মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শামীম আখতার এ দাবি জানান। সংবাদ সম্মেলনে শামীম আখতার বলেন, আমি এই বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক। আগামী ৩১ ডিসেম্বর আমাকে অবসরে যেতে হবে। ১৯৯৬ সাল থেকে দীর্ঘ ২০ বছর যাবৎ কোনো বেতনভাতা পাচ্ছি না। আমি আপনাদের (গণমাধ্যম) মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে আমার প্রায় ২০ বছরের সরকারি ও বেসরকারি সমুদয় বকেয়া এবং চলতি বেতনভাতাদি পাওয়ার নিমিত্তে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আকুল আবেদন জানাচ্ছি। একই সঙ্গে শিক্ষামন্ত্রীর কাছেও একই আবেদন করছি।

তিনি আরও বলেন, ১৯৮৪ সালের ১৭ ডিসেম্বর আমি এই বিদ্যালয়ে যোগ দেই। ১৯৯৬ সালে আমাকে বেআইনিভাবে বরখাস্ত করলে আমি নিম্নআদালতে যাই। ২০০৯ সালে আমার সমুদয় বেতনভাতা পেতে কুমিল্লা জজ কোর্টে মানিসুট মামলা করি। ২০১৩ সালের আগস্ট হাইকোর্ট আমার সকল বকেয়া বেতন পরিশোধের জন্য রায় দেন। কিন্তু অদ্যাবধি আমি বেতনভাতা পাইনি। দীর্ঘদিন বিনা বেতনে চাকরি করায় তাকে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে বলে উল্লেখ করেন তিনি। সংবাদ সম্মেলনে তার ছেলে রেদোয়ানুর রহমান আশরাফী ও কাইয়ুম ইসলাম প্রতীক নামে এক আত্মীয় উপস্থিত ছিলেন।